দৈনিক ইনকিলাব

তারিখ 01 MAR 1998 ... ...
পৃষ্ঠা ১০ কলাম ২

# প্রধানমন্ত্রীর ঘোষণা হাজী দানেশ কৃষি কলেজ রূপান্তরিত হবে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে

**দিনাজপুর অফিস** ঃ সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে গতকাল শনিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের ঘোষণা দিয়েছেন। গত ১৪ ফেব্রুয়ারী ইনকিলাবের প্রথম পাতায় 'প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা ঃ হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজকে ঘিরে কুচক্রী মহলের চক্রান্ত' শিরোনামে একটি এবং গতকাল (শনিবার) আরো একটি খবর প্রকাশিত হয়। প্রধানমন্ত্রীর ঘোষণার পরপরই ছাত্ররা শহরে আনন্দ মিছিল বের করে।

গতকাল প্রকাশিত প্রতিবেদনে তাপ বিদ্যুৎ কেন্দ্র, মধ্যপাড়া কঠিন শিলা প্রকল্প ও দিনাজপুর মেডিকেল কলেজকে রাজস্বভুক্ত করার জনগণের দাবীর কথা তুলে ধরা হয়। প্রধানমন্ত্রী কর্তৃক তাপ বিদ্যুৎ কেন্দ্র ও ৫শ' শয্যার মেডিকেল কলেজ হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং মধ্যপাড়ায় আধুনিক নগর প্রতিষ্ঠার ঘোষণায় সেগুলোও প্রায় পূরণ হয়েছে।

গতকাল জনসভার শুরুতে দিনাজপুরবাসীর পক্ষে জেলা আওয়ামী লীগ সভাপতি এডঃ আমদাজ হোসেন উল্লেখিত দাবীসহ আরো বেশ কয়েকটি দাবী তুলে ধরেন।

উল্লেখ্য, দিনাজপুর প্রেস ক্লাবের অর্ধনির্মিত ভবন নির্মাণের ব্যাপারে প্রধানমন্ত্রী কোন ঘোষণা না দেয়ায় সাংবাদিক মহলে ক্ষোভ দেখা দিয়েছে।